

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ঈদ পুনর্মিলনী ২০১৮ অনুষ্ঠিত
মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া মহোদয়ের
পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা বিনিময়

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া গতকাল ১৯ জুন ২০১৮ইং তারিখ, মঙ্গলবার সকাল সাড়ে ৮টা থেকে সকাল ১০টা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের শহীদ ডা. মিলন হলে পবিত্র ঈদ-উল-ফিতর পরবর্তী আয়োজিত ঈদ পুনর্মিলনী ২০১৮ অনুষ্ঠানে এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। সৌহার্দ্য, সম্প্রীতি ও শুভেচ্ছা বিনিময়ের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান প্রমুখসহ সম্মানিত ডীনবন্দ, বিভাগীয় চেয়ারম্যানবন্দ, পরিচালকবন্দ ও অফিস প্রধানগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালের বহির্বিভাগ রোগীদের সুবিধার্থে বিশেষ ব্যবস্থায় গতকাল সোমবার ১৮ জুন ২০১৮ইং তারিখে খোলা ছিল। তবে পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে গত ১৬ জুন শনিবার ও ১৭ জুন রবিবার ২০১৮ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাশ, অফিস, হাসপাতালের বহির্বিভাগ বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিস বন্ধ ছিল। তাছাড়া গত শুক্রবার ১৫ জুন ২০১৮ইং তারিখ সাপ্তাহিক ছুটি হওয়ায় সেদিনও এ বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস, অফিস ও হাসপাতালের বহির্বিভাগ বন্ধ ছিল। বন্ধের দিনগুলোতে হাসপাতালের জরুরি বিভাগবিভাগসমূহ ও হাসপাতালের ইনডোর সেবা প্রচলিত নিয়মে যথারীতি প্রচলিত নিয়মে চালু ছিল। আজ মঙ্গলবার ১৯ জুন ২০১৮ইং তারিখে পূর্ব নির্ধারিত ঘোষণা অনুযায়ী প্রচলিত নিয়মে অফিস ও হাসপাতাল খুলেছে।

